

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৫৭.১৪৯.২০১৮(পাঠ-২). ৪৪৯ (১৩)

তারিখ: ০৬/১০/২০২২ খ্রি.

বিষয়: দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে “কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম” পরিচালনার জন্য কিশোর কিশোরী ক্লাব গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক দেশব্যাপী কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে Unicef এর সহায়তায় লক্ষ্যমিত্তিক শিক্ষক-কর্মকর্তাগণকে Adolescent Nutrition Training অ্যাপস এর মাধ্যমে পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত ৮ অক্টোবর ২০২০ সনে মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয় কৈশোরকালীন পুষ্টি কার্যক্রমের প্রশিক্ষণ অ্যাপস এবং কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নে গাইডলাইন ২০২০ এর শূভ উদ্বোধন করেন। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রায় ২০ (বিশ) কোটি অয়রন ফলিক এসিড (IFA) ট্যাবলেট বিতরণ করা হয়েছে এবং প্রতি সপ্তাহে ১টি করে IFA ট্যাবলেট ছাত্রীদেরকে খাওয়ানো কার্যক্রম ২৪/০৩/২০২২ তারিখ থেকে শুরু হয়েছে। দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান সমূহে “কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম” সফলভাবে বাস্তবায়নের জন্য নিম্নের নির্দেশনা অনুযায়ী ৩০ মে জুলাই ২০২২ তারিখের মধ্যে বিদ্যালয়ভিত্তিক কিশোর কিশোরী ক্লাব গঠনের নির্দেশনা প্রদান করা হলো।

- সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে একটি করে কিশোর-কিশোরী ক্লাব গঠন করতে হবে।
- মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত প্রতিটি শ্রেণি থেকে ৬ জন করে মোট ৩০ জন এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে চার থেকে পাঁচ জন করে মোট ৩০ জন শিক্ষার্থী নিয়ে কিশোর-কিশোরী ক্লাব গঠন করতে হবে।
- শর্ত হল যে, বিদ্যালয়টি কো-এডুকেশন হলে ৩০ জন সদস্যদের অর্ধেক মেয়ে এবং অর্ধেক ছেলে (৫০:৫০) শিক্ষার্থী হতে হবে।
- এই কিশোর-কিশোরী ক্লাবের মাধ্যমে সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে সকল ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করে স্বাস্থ্য, পুষ্টি ও অন্যান্য সেবা প্রদান করা হবে।
- বিদ্যালয়ের বিদ্যমান স্টুডেন্ট ক্যাবিনেট সদস্যসহ কিশোর-কিশোরী ক্লাবে মোট ৩০ জন সদস্য হতে হবে এবং ক্লাব পরিচালনার জন্য স্টুডেন্ট ক্যাবিনেট সদস্যদের মধ্য থেকে সন্তুষ্ট হলে দুইজন (একজন মেয়ে ও একজন ছেলে) ক্লাব লিডার নির্বাচন করতে হবে।
- স্বাস্থ্য, পুষ্টি ও অন্যান্য সেবামূলক কার্যক্রম বাস্তবায়নে ক্লাবের সদস্যদের সহায়তার জন্য প্রধান শিক্ষক ২ জন গাইড শিক্ষক (Nodal Teacher) (একজন মহিলা ও একজন পুরুষ শিক্ষক) নির্বাচন করবেন। ২ জন গাইড শিক্ষক বিজ্ঞান / কৃষি – শিক্ষা/ শরীরচর্চা / গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষকগণের মধ্য থেকে নির্বাচন করা যেতে পারে। গাইড শিক্ষকগণ ক্লাবের সার্বজনিক উত্তরবাহন করবেন।
- শিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদিত ও “কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন গাইডলাইন ২০২০” অনুযায়ী সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। গাইডলাইন ডাউনলোড করার জন্য এই লিংকটি ব্যবহার করুন-

[https://mnsop.org/en\\_US/adolescent/](https://mnsop.org/en_US/adolescent/) অথবা <https://www.unicef.org/bangladesh/en/reports/implementing-adolescent-nutrition-guideline>

“বিষয়টি অতীব জরুরি।”

২৭/০৭/২২  
প্রশিক্ষণ মন্ত্রণালয় আহমেদ  
মহাপরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (সকল)

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, মাদরাসা ও কারিগরি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

- ০৪। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা  
০৫। লাইন ডিরেক্টর, জাতীয় পুষ্টিসেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা-১২১২  
০৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল  
০৭। জেলা প্রশাসক (সকল)  
০৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল  
০৯। মাননীয় শিক্ষা মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
১০। মাননীয় শিক্ষা উপমন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)  
১২। মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা  
১৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
রাজবাড়ী।  
ই-মেইল : deorajbari@yahoo.com

স্মারক নং- জেশিঅ/রাজ/ ৬৮৬/৬

তারিখঃ ২০/০৬/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজবাড়ী। সংযুক্ত পত্রের মর্ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। সংরক্ষণ নথি।

হাবিবুর রহমান

২০/০৬/২০২২

(মো: হাবিবুর রহমান)  
জেলা শিক্ষা অফিসার  
রাজবাড়ী।